# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৭৫৪

৮/ সাওম (রোজা) (كتاب الصوم عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ যিলহজ্জ মাসের (প্রথম) দশকে সিয়াম পালন।

## باب مَا جَاءَ فِي صِيَامِ الْعَشْرِ

আরবী

حَدَّثَنَا هَنَّادٌ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ، عَنِ الأَعْمَشِ، عَنْ إِبْرَاهِيمَ، عَنِ الأَسْوَدِ، عَنْ عَائِشَةَ، قَالَتْ مَا رَأَيْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم صَائِمًا فِي الْعَشْرِ قَطُّ . قَالَ أَبُو عِيسَى هَكَذَا رَوَى غَيْرُ وَاحِدٍ عَنِ الأَعْمَشِ عَنْ إِبْرَاهِيمَ عَنِ الأَسْوَدِ عَنْ عَائِشَةَ . وَرَوَى الثَّوْرِيُّ وَغَيْرُهُ هَذَا الْحَدِيثَ عَنْ مَنْصُورٍ عَنْ إِبْرَاهِيمَ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم لَمْ يُرَ صَائِمًا فِي الْعَشْرِ . وَرَوَى أَبُو الأَحْوَصِ عَنْ مَنْصُورٍ عَنْ إِبْرَاهِيمَ عَنْ عَائِشَةَ . وَلَمْ يَذْكُرْ فِيهِ عَنِ الأَسْوَدِ . وَقَدِ اخْتَلَفُوا عَلَى مَنْصُورٍ فِي هَذَا الْحَدِيثِ وَرِوَايَةُ الأَعْمَشِ أَصَحُّ وَأَوْصَلُ إِسْنَادًا . قَالَ وَسَمِعْتُ أَبَا بَكْرٍ مُحَمَّدُ بْنُ أَبَانَ يَقُولُ سَمِعْتُ وَكِيعًا يَقُولُ الأَعْمَشُ أَحْفَظُ لإِسْنَادِ إِبْرَاهِيمَ مِنْ مَنْصُورٍ .

বাংলা

৭৫৪. হান্নাদ (রহঃ) ...... আয়িশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে কখনও (যিলহাজ্জ মাসের) দশ দিন সিয়াম পালন করতে দেখিনি। - ইবনু মাজাহ ১৭২৯, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৭৫৬ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, একাধিক রাবী এই হাদীসটিকে আমাশ ইবরাহীম আসওয়াদ আয়িশা (রাঃ) সূত্রে এইরূপ বর্ণনা করেছেন। সাওরী প্রমূখ রাবী এই হাদীসটিকে মানসুর ইবরাহীম সূত্রে বর্ণনা করেছেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে এই দশ দিন কখনও সিয়াম পালন অবস্থায় দেখা যায়নি। আবূল আহওয়াস (রহঃ) এই হাদীসটিকে মানসুর ইবরাহীম আয়িশা (রাঃ) সূত্রে বর্ণনা করেছেন। তিনি এতে রাবী আসওয়াদ (রহঃ) এর উল্লেখ করেননি। মানসূর পরবর্তী রাবীগণ এই হাদীসের সনদের ক্ষেত্রে উক্ত মতবিরোধ করেছেন। এই সনদসমূহের মধ্যে আ'মাশ (রহঃ) এর রিওয়ায়াতটই অধিকতর সহীহ এবং সনদ হিসাবে মুত্তাসিল। আবূ বকর মুহাম্মদ ইবনু আবান (রহঃ) বলেন, আমি ওয়াকী (রহঃ) কে বলতে শুনেছি যে, ইবরাহীম-মানসুর সনদের ক্ষেত্রে আমাশ হলেন অধিক সংরক্ষক।

## English

Aishah narrated:
"I did not see the Prophet fasting at all during the ten."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17943

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন